



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

বায়রা/৩(৯)/২০২২/৫২৯


তারিখ: ১৫/১০/২০২২

রিক্রুটিং লাইসেন্স নবায়নের জন্য বায়রা থেকে বিএমইটি-কে ১,০০,০০০/- (এক লাখ) টাকা করে পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বায়রা'র সম্মানিত সদস্যগণকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বায়রা কার্যনির্বাহী কমিটির ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে বিএমইটি কর্তৃক ২০২২ সালে (২০২৩-২০২৫ মেয়াদের জন্য) লাইসেন্স নবায়ন ফিস বাবদ এজেন্সী প্রতি ১,০০,০০০/- (এক লাখ) টাকা করে পে-অর্ডার/ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করা হবে:

- ১) বিএমইটির বৈধ লাইসেন্স এবং বায়রা'র সদস্যপদ থাকতে হবে।
- ২) বায়রা'র সদস্য ফি, কল্যাণ তহবিলের চাঁদা এবং অন্যান্য প্রাপ্য (যদি থাকে তা) সম্পূর্ণ পরিশোধ করতে হবে।
- ৩) লাইসেন্স নবায়নের ফি এর উপর ১৫% ভ্যাট বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা এজেন্সীকেই পরিশোধ করতে হবে।
- ৪) যদি কোন সম্মানিত সদস্য ইতোমধ্যে ২০২৩-২০২৫ মেয়াদের জন্য ১,০০,০০০/- (এক লাখ) টাকা ফি পরিশোধপূর্বক স্থায়ী লাইসেন্স নবায়ন করে থাকেন, তা হলে তাঁর আবেদনের রিসিভ কপি ও পে-অর্ডারের ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৫) আবেদনের সাথে রিক্রুটিং লাইসেন্সের সর্বশেষ নবায়নের কপি দাখিল করতে হবে।
- ৬) আবেদনকারী এজেন্সী ইতিপূর্বে নবায়ন ফি বাবদ কোন্ কোন্ সালে কত টাকা পেয়েছিলেন (যদি থাকে) তা উল্লেখ করতে হবে।
- ৭) ইতোমধ্যে প্রাপ্ত ৫৬টি আবেদনের ক্ষেত্রেও বর্ণিত শর্তসমূহ প্রযোজ্য হবে।

আগামী ৩১/১০/২০২২ তারিখের মধ্যে সম্মানিত সভাপতি, বায়রা বরাবর লিখিত আবেদন বায়রা সচিবালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

শ্রদ্ধান্তে,

(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

বিতরণ :

সম্মানিত সদস্য (সকল)

বায়রা।

(ই-মেইল, ওয়েব সাইট এবং হোয়াটসঅ্যাপ গ্রুপযোগে প্রেরিত)

অনুলিপি:

১। সম্মানিত সভাপতি, বায়রা।

২। সম্মানিত মহাসচিব, বায়রা।

Tel: 88-0241032136-38

Fax: 88-0241032144

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: 88-02-9345587, 9348096, 48312144

Fax: 88-02-9344979, E-mail: baira1984@gmail.com, Web: baira.org.bd